মেহেরপুরে জেলা বিএনপি’র গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে বিএনপি’র ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

এ সময় তিনি কোলা ও দফরপুর গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন।

কর্মসূচিতে দেওয়া বক্তব্যে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “আমরা ফ্যাসিস্টদের এদেশ থেকে বিতাড়িত করেছি, তারা এখানে নিষিদ্ধ হয়েছে। ভবিষ্যতে যেন তারা আর দেশে প্রবেশ করতে না পারে, সেজন্য সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। অথচ দেখা যাচ্ছে, কলকাতা ও দিল্লিতে তারা পার্টি অফিস খুলেছে, যা আমাদের সার্বভৌমত্বের জন্য হুমকি। তাই সরকারের প্রতি আহ্বান জানাই— কূটনৈতিকভাবে পদক্ষেপ নিয়ে ওই অফিসগুলো নিষিদ্ধ করতে হবে।

ভারতকে আমরা এতদিন বন্ধু রাষ্ট্র মনে করতাম, কিন্তু বাস্তবে তারা কখনোই আমাদের বন্ধু ছিল না; তারা ছিল কেবল আওয়ামী লীগের বন্ধু। যারা এদেশ ছেড়ে ভারতে পালিয়েছে, তাদের দ্রুত দেশে ফিরিয়ে এনে বিচারের আওতায় আনতে হবে। আমরা চাই এদেশে একটি সঠিক গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন হোক, কোনো পিআর পদ্ধতিতে নির্বাচন আমরা চাই না।”

গণসংযোগ কর্মসূচিতে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশ নেন। তাদের মধ্যে ছিলেন- জেলা বিএনপি’র সদস্য আনসার উল হক, আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, মীর ফারুক, সদর উপজেলা বিএনপি’র সভাপতি ফয়েজ মোহাম্মদ, আমদহ ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক সাব্বির আহমেদ, পৌর বিএনপি’র সভাপতি লতিব বিশ্বাস, সাধারণ সম্পাদক এডভোকেট এহান উদ্দিন মনা, সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলম, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপন, নাহিদসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরে বিএনপি’র ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ

মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ডে বিএনপির ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “আপনারা অবগত আছেন, আগামী ফেব্রুয়ারি মাসে গণতান্ত্রিক প্রক্রিয়ায় ব্যালটের মাধ্যমে নির্বাচনের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।” তিনি আরও বলেন, “আগামী ফেব্রুয়ারিতে যে নির্বাচন আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন।”

এ সময় তিনি পৌরসভার ৫নং ওয়ার্ডের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন। এসময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপি’র সভাপতি ও জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, মীর ফারুক, সাবেক পিপি আবু সালেহ নাসিম প্রমুখ।

এছাড়াও এসময় সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি লতিব বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা ও পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলম, নাহিদসহ জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা বিএনপি’র সদস্য সচিব কামরুল হাসানের গণসংযোগ অব্যাহত

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের চাঁদবিল ও কোলা গ্রামে বিএনপি’র ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “আপনারা অবগত আছেন, আগামী ফেব্রুয়ারি মাসে গণতান্ত্রিক প্রক্রিয়ায় ব্যালটের মাধ্যমে নির্বাচনের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। বর্তমান সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল বলেছেন, নির্বাচন হলো সরকারের একটি অংশ, তবে কোনো রাজনৈতিক দল সরকার কাঠামোর অংশ হতে পারে না। একটি গণতান্ত্রিক সরকার ক্ষমতায় না থাকলে কোনো দেশের উন্নয়ন সম্ভব নয়।”

তিনি আরও বলেন, “আগামী ফেব্রুয়ারিতে যে নির্বাচন আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। আমরাও সরকারের এই সিদ্ধান্তকে আন্তরিকভাবে স্বাগত জানাই।”

এসময় তিনি আমঝুপি ইউনিয়নের চাঁদবিল ও কোলা গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগ অনুষ্ঠানে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। তাদের মধ্যে ছিলেন, জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, রোমানা আহম্মেদ, সদর উপজেলা বিএনপির’ সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, সদর উপজেলা সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেন, হামিদ খান গাজু, জেলা বিএনপি’র সাবেক যুগ্ম

সাধারণ সম্পাদক আব্দুর রহিম, পৌর বিএনপি’র সভাপতি লতিব বিশ্বাস, জেলা মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপন, মৎস্যজীবী দল নেতা মাজেদ, পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলম, নাহিদসহ স্থানীয় বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব কামরুল হাসানের গণসংযোগ অব্যাহত

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের গোভিপুরে বিএনপির ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “বর্তমান সরকারের নির্বাচন কমিশনার নির্বাচনের তারিখ ঘোষণা দিয়েছেন, কিন্তু এনসিপি নামের একটি সংগঠন বলছে নির্বাচন হতে দেওয়া যাবে না। এই ধরনের ষড়যন্ত্র বাংলাদেশের মানুষ কোনদিন মেনে নেবে না।

বিগত ১৭ বছরে যেভাবে ভারতীয় আগ্রাসন বাংলার মানুষের উপরে থাবা হিসেবে এসেছে, সেটার বাংলার মানুষ মেনে নেবে না।”
তিনি আরও বলেন, “ফেব্রুয়ারিতে ব্যালটের মাধ্যমে যদি নির্বাচন হয়, সেই নির্বাচনে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বাংলাদেশের প্রধানমন্ত্রী হবেন ইনশাল্লাহ।” একইসাথে তিনি নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।

এ সময় তিনি বুড়িপোতা ইউনিয়নের গোভিপুর গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং তাদের

সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগ অনুষ্ঠানে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। তাদের মধ্যে ছিলেন জেলা বিএনপির সদস্য ইলিয়াস হোসেন, আনছার উল হক, আলমগীর খান ছাতু,সাবেক পিপি আবু সালে মোহাম্মদ নাসিম, হাফিজুর রহমান হাফি, মীর ফারুক, ওমর ফারুক লিটন, রোমানা আহম্মেদ, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, সদর উপজেলা সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেন, হামিদ খান গাজু, জেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহিম, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি মোশারেফ হোসেন তপু, সদস্য মেহেদী হাসান রোলেক্স, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপন, বুড়িপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি নাসির উদ্দিন, পিরোজপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আতিউর রহমান, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলম, পৌর যুবদল নেতা রিপন, নাহিদসহ স্থানীয় বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরে জেলা বিএনপি’র গণসংযোগ অব্যাহত

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের শোলমারিতে বিএনপি’র ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান যে বাংলাদেশ নিয়ে স্বপ্ন দেখেছিলেন—স্বনির্ভর বাংলাদেশ, আমরা সেই স্বপ্নের বাংলাদেশ উপহার দিতে চাই ৩১ দফা বাস্তবায়নের মাধ্যমে।” তিনি আরো বলেন, “বিগত ফ্যাসিস্ট সরকারের বিচার এবং একটি সুষ্ঠু নির্বাচন না হওয়া পর্যন্ত আমরা রাজপথ

ছাড়ব না।”

এ সময় তিনি কুতুবপুর ইউনিয়নের শোলমারী গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং মতবিনিময় করেন।

গণসংযোগ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস হোসেন আনছারুল হক, আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপি’র সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, সদর উপজেলা সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেন, হামিদ খান গাজু, জেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহিম, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাভলু, আমদহ ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক সাব্বির হোসাইন, পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলম, বিএনপি নেতা নাহিদসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব কামরুল হাসানের গণসংযোগ

মেহেরপুর পৌর এলাকার ৩ ও ৪ নং ওয়ার্ডে বিএনপি’র ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “ইনশাআল্লাহ আগামী ফেব্রুয়ারি মাসে নির্বাচন হবে এবং সেই নির্বাচনে আমরা তারেক রহমানকে এ দেশের প্রধানমন্ত্রী বানাবো। গত ১৭ বছর আমরা সংবিধানের সমস্ত অধিকার থেকে বঞ্চিত ছিলাম। আমরা চাই সংবিধানে মানুষের যেসব নৈতিক অধিকার জীবনযাপনের অধিকার, ভোটের অধিকার, গণতন্ত্রের অধিকার তা যেন প্রতিষ্ঠিত হয়।

ইনশাআল্লাহ, যদি তারেক রহমানকে বাংলাদেশের প্রধানমন্ত্রী বানাতে পারি, তবে এ দেশের সাধারণ মানুষ সংবিধানের সব অধিকার ভোগ করবে। সংবিধানের আওতায় যেসব বিচারের কথা বলা আছে, সে সব বিচার এ সরকার করবে। আর আমরা চাই এই ফ্যাসিস্টদের দ্রুত ডিসেম্বর মাসের মধ্যে ফাঁসিতে ঝুলতে।

এসময় তিনি পৌর এলাকার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং মতবিনিময় করেন।

গণসংযোগ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ও সদর উপজেলা বিএনপি’র সভাপতি ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, সাবেক পিপি আবু সালেহ নাসিম, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, যুগ্ম আহ্বায়ক সিরাজুর রহমান ফিরোজ, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, সাবেক সদর থানা যুবদল সভাপতি হাসিবুজ্জামান স্বপনসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরের কুতুবপুরে জেলা বিএনপি’র গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে বিএনপির ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়। এ সময় তিনি কুতুবপুর ইউনিয়নের কুলবাড়ি গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং মতবিনিময় করেন।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “তারেক রহমানের ৩১ দফা দাবি দেশের মানুষের মুক্তির রূপরেখা। এ দাবির বাস্তবায়নেই দেশের উন্নয়ন ও গণতন্ত্র পুনরুদ্ধার সম্ভব।”

গণসংযোগ অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, আনছারুল হক, হাফিজুর রহমান হাফি, রোমানা আহম্মেদ, আবু সালেহ নাসিম, মীর ফারুক, মজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, আমদহ ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইলিয়াস বিশ্বাস, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, সদস্য মেহেদী হাসান রোলেক্স, সাবেক সদর থানা যুবদল সভাপতি হাসিবুজ্জামান স্বপনসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

মেহেরপুরে জেলা বিএনপির ৩১ দফা দাবিতে গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন গ্রামে বিএনপির ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১৩ আগস্ট) বিকেলে জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

এ সময় তিনি বুড়িপোতা ইউনিয়নের হরিরামপুর, ইছাখালী ও ঝাঁঝা গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং মতবিনিময় করেন।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “নির্বাচন নিয়ে

এনসিপির নেতা বলেছেন ফেব্রুয়ারিতে নির্বাচন হতে দেওয়া যাবে না। বর্তমান সরকার নির্বাচন নিয়ে তালবাহানা করতে পারে। তাই আমাদের সকলকে প্রস্তুত থাকতে হবে এবং ঐক্যবদ্ধ থাকতে হবে।”

গণসংযোগে জেলা বিএনপির সদস্য আনহারুল হক, হাফিজুর রহমান হাফী, মীর ফারুক, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিব, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, বুড়িপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি নাসির উদ্দিন, আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সদর থানা যুবদল সভাপতি হাসিবুজ্জামান স্বপনসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

বিএনপি নেতারা জানান, দেশের প্রতিটি অঞ্চলে এভাবে লিফলেট বিতরণ ও গণসংযোগ চালিয়ে জনগণকে ৩১ দফা দাবির বিষয়ে অবহিত করা হবে।

মেহেরপুরে বিএনপির ৩১ দফা দাবির লিফলেট বিতরণ ও গণসংযোগ

মেহেরপুরের শহরে ও আহমদ ইউনিয়নের বিভিন্ন গ্রামে বিএনপির ৩১ দফা দাবি জনগণের মাঝে প্রচারের লক্ষ্যে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি করেছে মেহেরপুর জেলা বিএনপি।

মঙ্গলবার (১২ আগস্ট) বিকেলে জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

তিনি পন্টের ঘাট, বামনপাড়া, বন্দর ও চকশ্যামনগর গ্রামের বিভিন্ন শ্রেণী পেশার মানুষের হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং মতবিনিময় করেন।

এ সময় কামরুল হাসান বলেন, আমরা জাতীয়তাবাদী আদর্শের দল, বাংলাদেশের সর্ববৃহৎ দল, সামনে যে নির্বাচন হবে সেই নির্বাচনে আমাদের প্রিয় নেতা, ১৮ কোটি মানুষের আশা-আকাঙ্ক্ষার প্রতীক, ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান বাংলাদেশের

প্রধানমন্ত্রী হবে, ইনশাল্লাহ।

তিনি আরো বলেন, কোন কারণে ভোট যদি এই সরকার বিলম্বিত করতে চায়, তাহলে আপনাদের সকলকে রাস্তায় নেমে ভোট আদায় করে ছাড়তে হবে। আমরা চাই এদেশে গণতন্ত্র আসুক, সমস্ত মানুষ স্বাভাবিক জীবন যাপন করুন, সংবিধানে যেসব চাওয়া-পাওয়া আছে, সেভাবে জীবন যাপন করুক। এই ফ্যাসিস্টের যতদিন না পর্যন্ত এই বাংলাদেশের মাটিতে বিচার কার্যক্রম সম্পূর্ণ না হবে, ততদিন পর্যন্ত আমরা রাস্তায় থাকবো।

গণসংযোগে জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, মীর ফারুক হোসেন, জেলা বিএনপির সদস্য সাবেক পিপি আবু সালেহ নাসিম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিব, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, সাবেক সদর থানা যুবদলের সভাপতি হাসিবুল ইসলাম স্বপনসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বিএনপি নেতারা জানান, দেশের প্রতিটি অঞ্চলে এভাবে লিফলেট বিতরণ ও গণসংযোগ চালিয়ে জনগণকে ৩১ দফা দাবির বিষয়ে অবহিত করা হবে।

মেহেরপুরে কামরুল হাসানের গণসংযোগ ও লিফলেট বিতরণ

মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান আজ শনিবার বিকেল পাঁচটায় সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের শালিকা- বাড়িবাকা গ্রামে গণসংযোগ করেন। এ সময় তিনি বিএনপির কেন্দ্র ঘোষিত ৩১ দফা বাস্তবায়নের লক্ষ্যে লিফলেট বিতরণ করেন এবং সাধারণ মানুষের সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগকালে জেলা বিএনপির সদস্য ওমর ফারুক লিটন, বাঁকা বিল্লাহ, জহির হোসেন চঞ্চল, শাহিদুল ইসলাম, ফিরোজুর রহমান, সৌরভ, নাহিদসহ স্থানীয় বিএনপি নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এ সময় অ্যাড. কামরুল হাসান বলেন, “দেশে জনগণের সরকার প্রতিষ্ঠা করতে হলে ৩১ দফা বাস্তবায়নের বিকল্প নেই। এই কর্মসূচির প্রতিটি দফা জনগণের মুক্তির সনদ।”